

# মহেশতলা পৌরসভা



## পৌর পরিষদ কার্যালয়

পো:- মহেশতলা, জেলা:- দক্ষিণ ২৪ পরগণা, পিন:-৭০০১৪১

ফ্যাক্স :-২৪৯০৯২৯৬ দূরভাষ :-২৪৯০-২২৮০/১৬৫১/৩৩৮৯ ইমেল :-maheshtalamunicipality@gmail.com

স্মারক সংখ্যা:- 1948/1A/MM/HEALTH/981

তারিখ:- 28.09.2018

### বিজ্ঞপ্তি

মহেশতলা পৌরসভার স্বাস্থ্য বিভাগে সম্পূর্ণ চুক্তিভিত্তিক এবং অস্থায়ী পদে শুধুমাত্র মহিলাদের নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি :-

(অবিবাহিত মহিলারা আবেদন যোগ্য নহে)

পদ :- **Honorary Health Worker**  
(Under UPHCs Scheme)

শূন্যপদ : প্রাথমিকভাবে :- ১০৬ (সংরক্ষণ সরকারী বিধি অনুযায়ী)

সান্মানিকভাষা :- মাসিক ৩১২৫ টাকা

আবশ্যিক যোগ্যতা :-

১. বয়স (০১-০১-২০১৮ অনুযায়ী)

\* সাধারণের ক্ষেত্রে :- ২৫ থেকে ৩৫ বছর পর্যন্ত

\* এস . সি / এস . টি ক্ষেত্রে :- ২৫ থেকে ৪০ বছর পর্যন্ত

\* ও . বি . সি ক্ষেত্রে :- ২৫ থেকে ৩৮ বছর পর্যন্ত

২. (ক) ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা :- মাধ্যমিক / সমতুল্য পরীক্ষায় পাশ

২. (খ) বাঞ্ছনীয় যোগ্যতা :-

জনস্বাস্থ্য বিষয়ক, সমাজসেবা কর্মকান্ড এবং মহিলা আরোগ্য সমিতির সদস্য হলে অগ্রাধিকার পাবেন ।

৩. বৈবাহিক অবস্থান : শুধুমাত্র বিবাহিত/বিধবা/বিবাহ বিচ্ছিন্না এর ক্ষেত্রেই ইহা প্রযোজ্য । অবিবাহিত মহিলারা আবেদনযোগ্য নহে ।

৪. বসবাসের ঠিকানা :- আবেদনকারীকে মহেশতলা পৌরসভা এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে । পৌর এলাকার বাহিরের বসবাসকারীর আবেদন গ্রাহ্য হবে না ।

৫. বস্তি এবং অনুন্নত এলাকার প্রার্থীরা অগ্রাধিকার পাবেন ।

৬. সমস্ত প্রদেয় শংসাপত্র স্ব প্রত্যায়িত থাকা বাধ্যতামূলক ।

আবেদনপত্রের সাথে বাধ্যতামূলক নথি সংযুক্তি :-

(বয়সের এবং শিক্ষাগত যোগ্যতার জন্য জন্য)

\* মাধ্যমিক / সমতুল্য পরীক্ষার অ্যাডমিড কার্ড

অথবা

\* জন্মের শংসাপত্র (বয়সের জন্য)

\* মাধ্যমিক / সমতুল্য পরীক্ষার রেজাল্ট এর কপি বা শংসাপত্র

### (বৈবাহিক অবস্থানের জন্য)

- \*বিবাহের ক্ষেত্রে বিবাহের শংসাপত্র
- \*বিধবার ক্ষেত্রে স্বামীর মৃত্যুর শংসাপত্র
- \*বিবাহবিচ্ছিন্নার ক্ষেত্রে সরকারী আদেশনামা
- \*উপরিউক্ত নথি না থাকলে কাউন্সিলার বা প্রথম শ্রেণীর নন জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটের শংসাপত্র জমা দিতে হবে যাতে আবেদনকারীর প্রত্যায়িত ফটোসহ বৈবাহিক অবস্থানের উল্লেখ থাকবে।

### (বসবাসের প্রমাণপত্রের জন্য)

- \*আধার কার্ড অথবা ভোটার কার্ড
- \*আধার কার্ড বা ভোটার কার্ড না থাকলে মহেশতলা পৌর প্রধান মহাশয়ের প্রত্যায়িত করা স্থানীয় কাউন্সিলরের শংসাপত্র জমা দেওয়া যাবে যাতে আবেদনকারীদের ছবিসহ ঠিকানা (ওয়ার্ড নম্বর সহ) উল্লেখ থাকবে।

### (তপশিলী জাতি উপজাতি এবং ও.বি.সির জন্য)

- \* এস.সি / এস.টি / ও.বি.সি আবেদনকারীদের যথাযথ কতৃপক্ষের শংসাপত্র প্রদান করতে হবে।

- \* আবেদনপত্রের সাথে অবশ্যই ৫ টাকার ডাকটিকিট সহ নিজ নিজ ঠিকানা সম্বলিত খাম (২৫ সেমি ১১ সেমি) এবং পাসপোর্ট সাইজের কালার একটি ফটো (আবেদনপত্রের অতিরিক্ত) দিতে হবে।
- \* আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ :-  
(খামের উপরে অবশ্যই Cateory অর্থাৎ **General/SC/ST/OBC** উল্লেখ করতে হবে )
- \* আবেদনপত্র শুধুমাত্র মহেশতলা পৌরসভার প্রথমতলে অবস্থিত নির্দিষ্ট ড্রপ বক্সে জমা নেওয়া হবে। অন্য কোন ভাবে আবেদনপত্র জমা নেওয়া হবে না।

- \* **নির্দিষ্ট বয়ান (PROFORMA) অনুযায়ী আবেদন করা বাধ্যতামূলক।**  
**অন্যথায় আবেদনপত্র বাতিল করা হবে।**

- \* পৌরসভার নোটিশ বোর্ড অথবা ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে

([www.maheshtalamunicipality.org](http://www.maheshtalamunicipality.org))

- \* নির্ধারিত সময়ের পর কোন আবেদনপত্র বা নথি সংযুক্তি করন গৃহীত হবে না।

স্বাঃ দুলাল দাস  
পৌরপ্রধান  
মহেশতলা পৌরসভা